

"দুটি সন্তানের বেশী নয় একটি হলে ভাল হয়"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ
১৬, আব্দুল গণি সড়ক, ঢাকা-১০০০
e-mail: dmss@dgfood.gov.bd
web: www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৪-৮৯(২)

তারিখ : ৩১/০১/২০১৮ খ্রিঃ

বিষয় : নৌ-পথে ৬০০ মেটন আমন'১৭-১৮ সিদ্ধ চালের চলাচল উপ-সূচি।

সূত্র : চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ৩০/০১/২০১৮ খ্রিঃ তারিখের ৭৭ নং স্মারক।

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের সূত্রস্থ স্মারকে আশুগঞ্জ এলএসডি হতে নৌ পথে হবিগঞ্জ জেলার আজমেরীগঞ্জ ও লাখাই এলএসডিতে আমন'১৭-১৮ সিদ্ধ চাল নিম্নোক্তভাবে চলাচল উপ-সূচী নির্দেশক্রমে জারি করা হ'ল :

ক্রঃ নং	ঠিকাদারী প্রতিষ্ঠানের নাম	শ্রেণী	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মেটন)	গ্রুপ	পণ্য	মন্তব্য
১.	মেসার্স ব্রাইট এন্ড কোং	ডিভিসিসি ঢাকা	আশুগঞ্জ এলএসডি ঘাট	আজমেরীগঞ্জ	১০০	গ্রুপ সি	আমন' ১৭-১৮ সিদ্ধ চাল	নৌ
২.	" সামি কনস্ট্রাকশন	এ	এ	এ	১০০	এ	এ	এ
৩.	" ঝুমুর এন্টারপ্রাইজ	এ	এ	এ	১০০	এ	এ	এ
৪.	" রুম্পা কনস্ট্রাকশন	এ	এ	লাখাই	১০০	এ	এ	এ
৫.	" নিপা ট্রেডার্স	এ	এ	এ	১০০	এ	এ	এ
৬.	" সুবর্ণা পরিবহণ প্রাইভেট লিঃ	এ	এ	এ	১০০	এ	এ	এ
				মোট =	৬০০			

- ১। সূচির বিপরীতে প্রেরিতব্য চাল সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত মান সম্পন্ন এবং সাধারণ বিতরণযোগ্য হতে হবে। প্রেরিতব্য চালের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সু-স্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে।
- ২। কীট আক্রান্ত এবং নিম্মমানের কোন চাল প্রেরণ করা যাবে না।
- ৩। ঠিকাদার উপযুক্ত ড্রাফট সম্পন্ন নৌ-যান নির্ধারিত তারিখে উপস্থাপন করবেন।
- ৪। প্রেরকগণকে নদীর নাব্যতা এবং নৌ-যানের ধারণ ক্ষমতা, ড্রাফট, ফিটনেস ইত্যাদি যাচাই করে চাল বোঝাই দিতে হবে।
- ৫। সংশ্লিষ্ট আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক / জেলা খাদ্য নিয়ন্ত্রক / চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক / সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ সূচি অনুযায়ী চাল প্রেরণ এবং গন্তব্যস্থানে মালামাল যথাযথভাবে পরিবহণ ও প্রাপ্ত বিষয়ে খেয়াল রাখবেন এবং খাদ্যশস্য প্রাপ্তিতে বিলম্ব বা অন্য কোন রূপ জটিলতা উদ্ভব না হয় সে বিষয়ে সজাগ থাকবেন।
- ৬। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদার ভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুত ও জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষর পূর্বক ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৭। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদার ভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্স যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন।
- ৮। এ সূচি জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ তার অধীনস্থ উপ-জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অবহিত করবেন।
- ৯। এই সূচির মেয়াদ আগামী ০৭/০২/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।
- ১০। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে পরবর্তীতে আত্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি প্রদান হতে পারে এবং ব্যর্থ ঠিকাদারদের বিরুদ্ধে চুক্তি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রাপক : ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বি-বাড়ীয়া।

২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুগঞ্জ এলএসডি।

স্বাঃ

(মোঃ মিজানুর রহমান)

উপ-পরিচালক (চপরেস)

ফোন : ০২-৯৫৫১৪২৮

তারিখ : ৩১/০১/২০১৮ খ্রিঃ

স্মারক নং-১৩.০১.০০০০.০৮১.৫০.০০৬.১৪-৮৯/২(২০)

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/চট্টগ্রাম।

২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।)

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা,.....।

৫। মেসার্স ----- ডিভিসিসি, ঢাকা।

৬। অফিস কপি।

উপ-পরিচালক (চপরেস)

চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ